

দেলদুয়ার উপজেলা পরিষদের মে/২০২২ খ্রি: তারিখে উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক ছাদী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব হোসেনে আরা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
সভার তারিখ ও সময়	:	৩০ মে ২০২২, বেলা ২:৩০ টা।
স্থান	:	সভাপতির অফিস কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "ছক-ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত্রপূর্ব উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইলকে অনুরোধ করেন। অত্রপূর্ব উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আলোচ্যপত্র অনুসারে বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	কর্তৃপক্ষ
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন ও দৃষ্টিকরণ।	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়।	আলোচনাস্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :				
২	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ ও স্থানীয় প্রশাসনের নির্দেশ মোতাবেক যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। তবে বিগত কয়েক বৎসরে ১০.২৫ লক্ষ টাকার মধ্যে ১.০০ লক্ষ টাকা জোড়াবাড়ীর ভাড়া পাওয়া যায়। বিগত জেলা দপ্তরের মাসিক সভায় বকেয়া জোড়াবাড়ীর ভাড়া আদায়ে জোর তাগিদ প্রদান করা হয়েছে। অবশিষ্ট জোড়াবাড়ীর ভাড়া প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো।	দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।
৩	চেয়ারম্যান ডুবাইল ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, ডুবাইল ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে সাম্প্রতিক বন্যা ও অতি বৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত রাস্তাগুলো অতিব জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সভায় উপস্থাপন করেন।	পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান ডুবাইল ইউপি
৪	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার।	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান। এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সভায় বিস্তারিত আলোচনাস্তে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট বিভাগ



সভার আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

হোসনে আরা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

তারিখ : ৩০/০৫/২০২২ খ্রি:

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-১৭-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৪।..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
দেলদুয়ার, টাঙ্গাইল।